

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৬০

৬. সদাচার ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ দ্বীনদার জ্ঞানী মাশাইখদের সাথে থেকে তাঁদের থেকে বারাকাহ নেওয়া মুস্তাহাব

ذِكْرُ اسْتِحْبَابِ التَّبَرُّكِ لِلْمَرْءِ لِعِشْرَةِ مَشَايخِ أَهْلِ الدِّينِ وَالْعَقْلِ

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ سَلَمٍ قَالَ: حَدَّثَنَا عَمْرُو بْنُ عُثْمَانَ قَالَ: حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ قَالَ: حَدَّثَنَا ابْنُ الْمُبَارَكِ بِدَرْبِ الرَّومِ عَنْ خَالِدِ الْحَذَّاءِ عَنْ عِكْرِمَةَ عَنْ ابْنِ عَبَّاسٍ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (البركة مع أكابرکم.)

الراوي : ابن عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 560 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৫৬০. আব্দুল্লাহ বিন আব্বাস রাহিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “বারাকাহ তোমাদের আকাবির (প্রবীণ) লোকদের সাথে রয়েছে।”[1]

قَالَ أَبُو حَاتِمٍ - رَضِيَ اللَّهُ عَنْهُ - لَمْ يَحْدِثْ ابْنُ الْمُبَارَكِ هَذَا الْحَدِيثَ بِخُرَّاسَانَ إِنَّمَا حَدَّثَ بِهِ بِدَرْبِ الرَّومِ فَسَمِعَ مِنْهُ أَهْلُ الشَّامِ وَلَيْسَ هَذَا الْحَدِيثُ فِي كُتُبِ ابْنِ الْمُبَارَكِ مَرْفُوعاً.

আবু হাতিম ইবনু হিব্বান রাহিমাল্লাহু বলেন: “এই হাদীসটি আব্দুল্লাহ বিন মুবারক খুরাসানে বর্ণনা করেননি, তিনি এটি বর্ণনা করেছেন রোমের দারব নামক জায়গায়। সেখান তাঁর থেকে শামবাসী হাদীসটি শ্রবণ করেন। হাদীসটি মারফু‘ সূত্রে আব্দুল্লাহ বিন মুবারকের কিতাবে বর্ণিত হয়নি।”

ফুটনোট

[1] তারীখু খতীব আল বাগদাদী: ১১/১৬৫; মুসনাদুশ শিহাব: ৩৬; হাকিম: ১/৬২; আবু নু‘আইম, হিলইয়াতুল আওলিয়া: ৮/১৭১, ১৭২; তাবারানী: ৭৮৯৫।

হাদীসটিকে আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১৭৭৮।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89025>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন